*Total number of pages—8*

**27T ADBE**

# 2017

# ADVANCE BENGALI

**Full Marks : 100**

**Pass Marks : 30**

**Time : Three hours**

***The figures in the margin indicate full marks for the questions.***

***All** questions are **compulsory***

| | |
|---|---|
| *Q. No. **1** (Ka to Tha) carries **1** mark each* | 1×12=12 |
| *Q. No. **2** (Ka to Tha) carries **2** marks each* | 2×12=24 |
| *Q. No. **3** (Ka to Nya) carries **4** marks each* | 4×10=40 |
| *Q. No. **4** carries **6** marks each* | 6×2=12 |
| *Q. No. **5** carries **6** marks each* | 6×2=12 |
| | Total = 100 |

*Contd.*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও ঃ ১×১২=১২

(ক) 'জলদ' *অথবা* 'বার্তাকু' শব্দের অর্থ লেখো।

(খ) হায়, চিল _____ ডানার চিল,

_____ শূন্যস্থান পূর্ণ করো।

(গ) 'সতত, হে নদ তুমি পড় মোর মনে।' —

— কোন নদের কথা বলা হয়েছে ?

(ঘ) 'মরার পরে অল্প লোকই অমর হইয়া থাকেন'।

— উক্তিটি কোন পাঠের অন্তর্গত ?

(ঙ) এ অত্যাচারে প্রবৃত্ত অত্যাচারী অনেক'।

— কোন অত্যাচারের কথা বলা হয়েছে ?

(চ) 'বীরবল' কোন লেখকের ছদ্মনাম ?

(ছ) 'দিবা দ্বিপ্রহর' গল্পে গোখরো সাপ কাকে কামড়েছিল ?

(জ) 'মুকুট' নাটকের মহারাজ অমরমাণিক্যের সন্তান কয়টি ?

(ঝ) 'মুকুট' নাটকের লেখকের নাম লেখো।

(ঞ) 'মেজদিদি' কাহিনী অবলম্বনে মেজদিদির ভাশুরের নাম লেখো।

(ট) 'বড় কুটুম যে গো ! তাঁকে তার মত রাখতে হবে-ত !'

— বড়কুটুম কে ?

(ঠ) উৎপ্রেক্ষা অলংকার কয় প্রকারের ?



২। সংক্ষিপ্ত উত্তর দাও ঃ ২×১২=২৪

(ক) 'হাসিয়া ক্ষত্রিয় যত করে উপহাস।

অসম্ভব কার্যে দেখি দ্বিজের প্রয়াস'॥

— 'দ্বিজ' শব্দের অর্থ লেখো। দ্বিজ বলতে এখানে কার কথা বলা হয়েছে ?

(খ) 'মৌ-লোভী যত মৌলবী আর মোল্‌লারা' ক'ন হাত নেড়ে,

— 'মৌলবী' ও 'মোল্লা' শব্দের অর্থ লেখো।

(গ) আবার মোরে ডাক দিয়েছে তুষার মেরু উত্তরে

সে রব শুনে বিপদ গুণে কেমন করে রই ঘরে

— তুষার মেরু বলতে কবি কী বোঝাতে চেয়েছেন ?

(ঘ) 'চিরকাল মনুষ্য অত্যাচারে পীড়িত।'—

উদ্ধৃতিটি কোন পাঠের অন্তর্ভুক্ত ? পাঠ অবলম্বনে *যে কোনো দুই* প্রকারের মনুষ্য দ্বারা অত্যাচারের উল্লেখ করো।

*অথবা*

'মনুষ্য জীবন ভালবাসার অত্যাচারে পরিপূর্ণ।'

— উদ্ধৃতিটির তাৎপর্য অতি সংক্ষেপে বুঝিয়ে দাও।

(ঙ) 'সম্পদের উদারতা অনাবশ্যকেই আপনাকে সপ্রমাণ করে' — দুটি উদাহরণ দিয়ে বক্তব্যটি ব্যাখ্যা করো।

(চ) 'এ পৃথিবীতে একমাত্র খেলার ময়দানে ব্রাহ্মণ-শূদ্রের প্রভেদ নেই।' — লেখকের এরূপ উক্তির কারণ নির্দেশ করো।

(ছ) 'ডাক্তারিতে কিছু হবে না, কিৎসু হবে না — বলিয়া আগন্তুক সহাস্যে দক্ষিণ হস্তের বৃদ্ধাঙ্গুলিটি উন্নত করিয়া আন্দোলিত করিতে লাগিল।' —

উদ্ধৃতিটির উৎস উল্লেখ করে আগন্তুকের পরিচয় দাও, একটি বাক্যে।

(জ) 'মেজদিদি' উপন্যাস অবলম্বনে মেজদিদি ও তাঁর জায়ের নাম লেখো।

(ঝ) 'তিনি সুস্পষ্ট দেখিতে লাগিলেন, এই নিরুপায় অনাথ ছেলেটা মা হারাইয়া তাঁকে মা বলিয়া আশ্রয় করিতেছে।' — তিনি বলতে কাকে বোঝানো হয়েছে। 'নিরুপায়' শব্দটির অর্থ কী ?

*অথবা*

বিপিন সজল চক্ষু হাত দিয়া মুছিয়া বলিলেন,

তুমি যা চাও তাই হবে, তুমি ভাল হয়ে ওঠো।'

— উদ্ধৃতিটি কোন পাঠের অন্তর্গত ? কোন প্রসঙ্গে একথা বলেছে বিপিন ?

(ঞ) 'তোমার তীর সকলের আগে ছোটে এবং নির্ঘাত গিয়ে লাগে' —উক্তিটি কার ? বক্তা কাকে উদ্দেশ্য করে একথা বলেছেন ?

(ট) 'আমার ভাই হামচু রয়েছে। সৈন্যরা তাকেই রাজা করবে, যুদ্ধ যেমন চলছিল তেমনি চলবে'। — বক্তা কে ?

উদ্ধৃতিটি কোন পাঠ থেকে নেওয়া হয়েছে ?

(ঠ) যতি *অথবা* মাত্রার সংজ্ঞা লেখো।

৩। নীচের প্রশ্নগুলির উত্তর দাও ঃ ৪×১০=৪০

(ক) 'বংশীনাদে' কবিতা অবলম্বনে কৃষ্ণের বংশীনাদ শুনে রাধার অন্তরে যে আকুলতা দেখা দেয় তার পরিচয় দাও।



(খ) 'ক্ষুধাতুর শিশু চায় না স্বরাজ, চায় দুটা ভাত একটু নুন'

— কবির নাম উল্লেখ করে, উক্তিটির ব্যাখ্যা করো। ১+৩=৪

(গ) 'মরত্বে ; যখন মন অনিচ্ছার অবশ্য বাঁচার

ভুলেছে ভীষণভার, ভুলে গেছে প্রত্যহের ভার।

— অন্তর্নিহিত ভাব ব্যাখ্যা করো। ৪

*অথবা*

'তরীর কাছি তীরের কাছে চাচ্ছে এবার মুক্তিগো,

প্রলয় শ্বাসে পাল ফেলেরে উঠছে তরীর হাল মেতে।'

— ব্যাখ্যা করো। ৪

(ঘ) 'এখানে দশরথ স্বার্থপরতা শূন্য নহেন।' — বাক্যটি কোন রচনার অংশ ? দশরথকে কেন স্বার্থপর বলা হয়েছে ? ৪

(ঙ) 'যে আমাদের খরচ করিবার সঙ্গী সেই আমাদের বন্ধু' — ব্যাখ্যা করো। ৪

(চ) সাহিত্যের উদ্দেশ্য যে আনন্দ দান করা — শিক্ষা দান করা নয়।'

— উক্তিটি কোন রচনার অংশ ? লেখক প্রদত্ত উদাহরণের সাহায্যে বক্তব্যটির সত্যতা নিরূপণ করো। ৪

(ছ) 'বিশাল জনতা রুদ্ধশ্বাসে আগন্তুকের কার্যকলাপ দেখিতে লাগিল' — আগন্তুক কে ? জনতা তার কোন কার্যকলাপ রুদ্ধশ্বাসে দেখছিলো ? ৪

(জ) 'মেজদিদি' গল্পের কেষ্ট চরিত্র সংক্ষেপে লেখো। ৪

*অথবা*

কেষ্ট কার কাছ থেকে টাকা আদায় করতে গিয়েছিল ? টাকা দিয়ে সে কী করেছিল ? এর ফল কি হয়েছিল ? ৪

(ঝ) ত্রিপুরার মধ্যম রাজকুমার ইন্দ্রকুমারের চরিত্র আলোচনা করো। ৪

*অথবা*

'তার সঙ্গে আমার তীর বদল করতে হবে, ভাগ্যও বদল হবে।' — কার উক্তি ? তীর বদল কাকে করতে বলা হয়েছে ? কিভাবে ভাগ্য বদলে দেবার পরিকল্পনা করা হয়েছিল ? ৪

(ঞ) টীকা লেখো *যে কোনো একটি* ঃ ৪

ঈশা খাঁ, ধুরন্ধর, রাজধর।

৪। নীচের প্রশ্নগুলির উত্তর দাও ঃ ২×৬=১২

(ক) 'ও-বাড়ীতে গিয়ে খেগে যা। বলিয়া হেমাঙ্গিনী নিজের রুটির থালায় মনোযোগ করিলেন' — কাকে উদ্দেশ্য করে বলা হয়েছে ? 'ও-বাড়ী বলতে কোন বাড়ীর কথা বলা হয়েছে ? হেমাঙ্গিনী একথা কোন প্রসঙ্গে বলেছেন বর্ণনা করো। ১+১+৪=৬

*অথবা*

'কাদম্বিনী অবাক হইয়া বলিলেন, আমার পাঁচুগোপালের সঙ্গে ওর তুলনা।' — কাদম্বিনী কে ? তিনি কোন কথায় অবাক হয়েছিলেন ? পাঁচুগোপালের সঙ্গে কাদম্বিনীর কী সম্পর্ক ? পাঁচুগোপালের সঙ্গে কার তুলনার কথা বলা হয়েছে ? ১+১+২+২=৬

(খ) 'আল্লার দূতেরা এক এক সময় ঘুমিয়ে পড়ে,
শয়তান তখন সমস্ত হিসাব উল্‌টা করে দিয়ে যায়।'

— কার উক্তি ? প্রসঙ্গ উল্লেখ করে আলোচনা করো। ১+৫=৬



*অথবা*

'মুকুট' নাটকের নামকরণের সার্থকতা সংক্ষেপে লেখো। ১+১+১+৩=৬

৫। (ক) বাংলা ছন্দ কয় প্রকারের ও কী কী ? যে কোনো *এক* প্রকারের ছন্দের *তিনটি* বৈশিষ্ট্য লেখো ও *একটি* উদাহরণ দাও। ১+৩+২=৬

*অথবা*

ছন্দোলিপি প্রস্তুত করো ঃ

উঠিল গৌতম ঋষি ছাড়িয়া আসন
বাহু মেলি বালকেরে করি আলিঙ্গন
কহিলেন, অব্রাহ্মণ নহ তুমি তাত,
তুমি দ্বিজোত্তম, তুমি সত্যকুলজাত।। ৬

(খ) *যে কোনো দুটি* অলংকারের সংজ্ঞা লেখো ও *একটি* করে উদাহরণ দাও ঃ

অনুপ্রাস, শ্লেষ, উপমা, সমাসোক্তি, বিষম। ২+২+১+১=৬

———×———